**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার নগরবাসীকে সুন্দর, স্বাস্থ্যকর এবং পরিচ্ছন্ন পরিষেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।**

**(৩) গুজরাট সফরের দ্বিতীয় দিনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সাসানে জনজাতি সম্প্রদায়ের লোকেদের সঙ্গে মত বিনিময় করেন।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল প্রধানমন্ত্রী ধন-ধান্য যোজনা এবং ডাল-স্বনির্ভরতা মিশনের সূচনা করবেন।**

**(৫) আজ গুয়াহাটিতে অনুষ্ঠিত BWF ওয়ার্ল্ড জুনিয়র মিক্সড ইভেন্ট চ্যাম্পিয়নশিপ ২০২৫-এ ভারতীয় ব্যাডমিন্টন দল ব্রোঞ্জ জিতেছে।**

*****************************************

**PM-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে আজ এখবর জানানো হয়েছে।

******************************

**MBB Lake Rejuvenation-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার নগরবাসীকে সুন্দর, স্বাস্থ্যকর এবং পরিচ্ছন্ন পরিষেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। আজ আগরতলার এমবিবি জলাশয়ের পুনঃসংস্কার ও সৌন্দর্যায়ন পরিকাঠামোর

উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, সৌন্দর্যায়নের ফলে স্থানটি পর্যটকদের কাছে একটি আকর্ষণীয় স্থান হিসেবে গড়ে উঠবে। সরকার রাজ্যের উন্নয়নে ইতিমধ্যে বহু উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করেছে এবং আগামীদিনে আরো প্রকল্প গ্রহণ করা হবে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, স্মার্ট সিটি কমিশনার শৈলেশ কুমার যাদব প্রমুখ।

**************************

**International Older Persons Day-Unakoti :**

রাজ্যের বিভিন্ন স্থানে আজ আন্তর্জাতিক প্রবীন দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, প্রবীণ নাগরিকদের কল্যাণে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। তিনি বলেন, রাজ্যে বর্তমানে প্রায় ১ লক্ষ ৬৬ হাজার ৫৬৪ জন প্রবীণ-প্রবীণা সামাজিক ভাতা পাচ্ছেন। অনুষ্ঠানে চারজন প্রবীণ-প্রবীণাকে সম্মানিত করা হয়। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ।

**************************

**International Older Persons Day-Gomoti :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে গোমতি জেলাভিত্তিক বিশ্ব প্রবীণ দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে ৪ জন প্রবীণ ব্যক্তিকে সম্মাননা প্রদান করা হয়।

**************************

**International Older Persons Day-Sepahijala :**

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত আজ বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে বিশ্ব প্রবীণ দিবস উদযাপনের জেলাভিত্তিক

অনুষ্ঠানের উদ্বোধন করেন। এই অনুষ্ঠানে দুইজন প্রবীন ব্যক্তিকে সম্মানিত করা হয়।

***************************

**International Older Persons Day-North :**

বিশ্ব প্রবীণ দিবস উপলক্ষে ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে আজ আলোচনা সভা ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানের সূচনা করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস। চারজন প্রবীণ নাগরিককে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।

************************

**International Older Persons Day-Khowai :**

খোয়াই নতুন টাউন হলে আজ বিশ্ব প্রবীণ নাগরিক দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মহকুমার ১১৫ জন প্রবীন নাগরিকদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার প্রমুখ।

**************************

**International Older Persons Day-South :**

বিলোনিয়ার অগ্নিবীণা হলে আজ দক্ষিণ জেলাভিত্তিক প্রবীন দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিন জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। অনুষ্ঠানে চার জন প্রবীন নাগরিককে সম্মাননা প্রদান করা হয়। সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের পক্ষ থেকে প্রবীণ নাগরিকদের হুইল চেয়ার সহ বিভিন্ন চলন সামগ্রী প্রদান করা হয়।

****************************

**Package Story-Tobacco Free Youth Campaign :**

সারাদেশে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের সঙ্গে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক যৌথভাবে তৃতীয় পর্যায়ের তামাকমুক্ত যুব প্রজন্ম অভিযানের ষাটদিন ব্যাপী কর্মকাণ্ডের সূচনা করেছে। জাতীয় পর্যায়ের এই অভিযানের আওতায় রাজ্যেও তামাকমুক্ত যুবপ্রজন্মের ভাবনা বাস্তবায়নে গুচ্ছ উদ্যোগ বাস্তবায়িত হতে চলেছে। একটি প্রতিবেদন।

#######VC######

**************************

**Opposition Leader :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ বিভিন্ন স্তরে পরীক্ষার ফি বৃদ্ধির সিদ্ধান্তকে জনবিরোধী বলে মন্তব্য করেছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। তিনি সাংবাদিকদের কাছে অভিযোগ করেছেন, রাজ্য সরকার শিক্ষার গুণগতমান উন্নয়নের পরিবর্তে পরীক্ষার ফি বৃদ্ধি করে সাধারণ ছাত্রছাত্রী ও অভিভাবকদের ওপর আর্থিক চাপ সৃষ্টি করছে। পর্ষদের এই সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহারের জন্য দাবি জানিয়েছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আইআর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President in Gujarat :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ গুজরাটের গির সোমনাথে সোমনাথ মহাদেব মন্দির পরিদর্শন করেছেন। সেখানে তিনি জলাভিষেক, সোমেশ্বর মহাপূজা এবং ধ্বজাপূজা করেন। গুজরাটের পর্যটনমন্ত্রী মুলুভাই বেরা, জেলা সমাহর্তা এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা রাষ্ট্রপতিকে স্বাগত জানান। রাষ্ট্রপতি মন্দির প্রাঙ্গণে সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করেছেন। পরে রাষ্ট্রপতির সাসান সফরের করেন। সাসান সফরকালে রাষ্ট্রপতি গিরে বসবাসকারী জনজাতি সম্প্রদায়ের লোকদের সঙ্গে মত বিনিময় করেন।

****************************

**PM Dhan-Dhaanya Yojana and Self-Reliance in Pulses Mission :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুনদিল্লিতে দুটি প্রধান উদ্যোগ প্রধানমন্ত্রী ধন-ধন্য যোজনা এবং ডাল-স্বনির্ভরতা মিশনের সূচনা করবেন। কৃষি মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী ধন-ধান্য কৃষি যোজনার আওতায়, সারা দেশের একশোটি নিম্ন-উৎপাদনশীল জেলায় ব্যাপক কৃষি উন্নয়ন করা হবে, যার লক্ষ্য কৃষকদের আয় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা। এই প্রকল্পটি প্রতিটি খামারের জন্য সেচ সুবিধা নিশ্চিত করা, ফসলের বৈচিত্র্য বৃদ্ধি করা এবং ঋণ ও সংরক্ষণের পরিকাঠামোতে সহজ প্রাপ্যতা প্রদানের লক্ষ্যে কাজ করবে।

ইতিমধ্যে, ডাল উৎপাদনে স্বনির্ভরতা মিশনটি অড়হর, মাস কলাই এবং মসুর জাতীয় প্রধান ডালের উৎপাদন বৃদ্ধির উপর জোর দেবে। এই মিশনের আওতায়, কেন্দ্রীয় সংস্থাগুলি ন্যূনতম সহায়ক মূল্যে নিবন্ধিত কৃষকদের উৎপাদিত ফসলের শতভাগ সংগ্রহ করবে, যা কৃষকদের ন্যায্য লাভ নিশ্চিত করবে।

এই অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী মোদী কৃষিক্ষেত্রে অসামান্য অবদানের জন্য কৃষক, কৃষক উৎপাদক সংগঠন, সমবায় সমিতি এবং উদ্ভাবকদের সম্মানিত করবেন। এই উপলক্ষে, তিনি কৃষি পরিকাঠামো তহবিল, পশুপালন, মৎস্য

এবং খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্র সম্পর্কিত এক হাজার ১০০টিরও বেশি প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

***************************

**World Mental Health Day :**

আজ বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, মানসিক স্বাস্থ্য প্রত্যেকের সামগ্রিক সুস্থতার একটি মৌলিক অংশ, এই লক্ষ্যে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস একটি শক্তিশালী স্মারক হিসেবে কাজ করে। সামাজিক মাধ্যমে শ্রী মোদী জনগণকে সম্মিলিতভাবে কাজ করার এবং এমন পরিবেশ তৈরি করার আহ্বান জানিয়েছেন যেখানে মানসিক স্বাস্থ্য নিয়ে আলোচনা মূলধারায় পরিণত হবে। তিনি আরও বলেন যে এই দিনটি অন্যদের প্রতি সহানুভূতি প্রকাশ করার গুরুত্বকে তুলে ধরে।

****************************

**Nobel Peace Prize 2025 :**

২০২৫ সালে নোবেল শান্তি পুরস্কার পাচ্ছেন ভেনেজুয়েলার মারিয়া কোরিনা মাচাদো। তিনি দেশবাসীকে গণতান্ত্রিক অধিকার নিয়ে সচেতন করেছেন এবং তাঁদের সেই অধিকারের জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন মারিয়া। একনায়কতন্ত্র থেকে ভেনেজুয়েলায় গণতন্ত্র প্রতিষ্ঠিত হওয়ার নেপথ্যেও রয়েছেন এই মারিয়াই। সে কারণে এ বছর নরওয়ের নোবেল কমিটি তাঁকে নোবেল শান্তি পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আজ অসলোতে মারিয়ার নাম ঘোষণা করেছে কমিটি।

**************************

**GST Workshop :**

জিএসটি সংস্কার সংক্রান্ত বিষয়ে আজ উদয়পুরে একদিনের শিবির অনুষ্ঠিত হয়। উদয়পুরের রাজর্ষি হলে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়। জি এস টি-র হার সংস্কারের ফলে কি কি সুযোগ সুবিধা বাড়বে তা নিয়ে অর্থমন্ত্রী বিস্তারিত বক্তব্য রাখেন।

******************************

**GST Pess Meet-Sonamura :**

ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর ঘোষ আজ সোনামুড়া টাউন হলে এক সাংবাদিক সম্মেলনে বলেন, জি.এস.টি সংস্কারের ফলে দ্রব্যমূল্য হ্রাস পাবে, মানুষের ক্রয় ক্ষমতা বাড়বে ও দেশ এবং রাজ্যের অর্থনৈতিক অবস্থা সমৃদ্ধশালী হবে। বিজেপির সিপাহীজলা দক্ষিণাংশ কমিটি আয়োজিত সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ, বিজেপি সিপাহীজলা দক্ষিণাংশ কমিটির সভাপতি উত্তম দাস, বিজেপি সংখ্যালঘু মোর্চার প্রদেশ সভাপতি বিল্লাল মিয়া প্রমুখ।

**************************

**Tobacco-Free Youth Campaign Part-3-South :**

দক্ষিণ জেলাভিত্তিক তৃতীয় পর্যায়ের তামাকমুক্ত যুব অভিযান আজ বিলোনিয়ার অগ্নিবীণা হলে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। উপস্থিত ছিলেন জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ। তারা তামাকের কুফল সম্পর্কে বক্তব্য রাখেন।

***************************

**India Wins Historic Bronze at BWF :**

আজ গুয়াহাটিতে অনুষ্ঠিত BWF ওয়ার্ল্ড জুনিয়র মিক্সড ইভেন্ট চ্যাম্পিয়নশিপ ২০২৫-এ ভারতীয় ব্যাডমিন্টন দল ব্রোঞ্জ জিতেছে। সেমিফাইনালে ভারত ইন্দোনেশিয়ার কাছে হেরে গেলেও ইভেন্ট বিভাগে প্রথমবারের মতো পদক নিশ্চিত করেছে। অভিজ্ঞ উন্নতি হুডার নেতৃত্বে তরুণ ভারতীয় দল সেমিফাইনালে ইন্দোনেশিয়ার কাছে ৩৫-৪৫, ২১-৪৫ ব্যবধানে হেরে যায় এবং ব্রোঞ্জ পদক নিশ্চিত করে।

***************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ অন্ধ্রপ্রদেশ, আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরার বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সূত্রে বলা হয়েছে, ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুত সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। ঘুর্নাবর্তটি বর্তমানে দক্ষিণ বাংলাদেশ ও দক্ষিণ আসামের উপর অবস্থান করছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪.৭ ডিগ্রী সেলসিয়াস।

****************************